# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2016**

**SECOND YEAR [BATCH 2014-17]**

Date : 20/05/2016 **BENGALI (Honours)**

Time : 11 am – 3 pm **Paper :** IV Full Marks : 86

**বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।**

## বিভাগ - ক

১। বাংলা উপন্যাসের ধারায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় **অথবা** রমাপদ চৌধুরীর অবদান সম্পর্কে আলোচনা করো। (১১)

২। টীকা লেখো অন্তঃশীলা **অথবা** ঢোঁড়াই চরিত মানস। (৪)

৩। বঙ্কিমচন্দ্র নিজেই 'রাজসিংহ'কে ঐতিহাসিক উপন্যাস বলেছেন। এ বিষয়ে তোমার মতামত দাও। (১১)

**অথবা**

'রাজসিংহ'-এর উপন্যাস অংশের নায়িকা জেব-উন্নিসা — এ মত রবীন্দ্রনাথের। সামগ্রিক উপন্যাসের ক্ষেত্রেও কী তাকে নায়িকা হিসেবে গ্রহণ করা যায়? আলোচনা করো। (১১)

৪। ''মহারাজাধিরাজ! আমার জীবনদান করুন — রক্ষা করুন — আমি শরণাগত।'' —কে, কাকে, কেন একথা বলেছে? (১ + ১ + ১)

**অথবা**

''পাগলী নয় ও বোধ হয় মনুষ্য নয়!'' —কে, কার উদ্দেশে একথা বলেছে? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। (১ + ১ + ১)

৫। ''মহিম আমাদের নিকট কতকটা প্রহেলিকাই থাকিয়া যায়।'' — সমালোচকের এই উক্তি মহিম চরিত্র সম্পর্কে কতদূর গ্রাহ্য আলোচনা করো। (১১)

**অথবা**

''গৃহদাহ উপন্যাসের ট্র্যাজেডির জন্য সুরেশের সক্রিয়তা যতখানি দায়ী, মহিমের নিষ্ক্রিয়তাও ততখানি দায়ী।'' — ব্যাখ্যা করো। (১১)

৬। ''যাকে এক সময়ে বাঁচানো যায়, আর এক সময়ে ইচ্ছে করলে বুঝি তাকে খুন করা যায়?'' —কে, কাকে এই কথা বলেছে? প্রসঙ্গটি কী? (০.৫ + ০.৫ + ২)

**অথবা**

''বরং আসুন, এ সম্বন্ধে আমরা একটা পরামর্শ করি।'' —কে, কাকে বলছে? পরামর্শটি কী? (১ + ১ + ১)

৭। 'ঘরে-বাইরে' উপন্যাসের নামকরণ **অথবা** গঠনকৌশলের বিশিষ্টতা নিয়ে আলোচনা করো। (১১)

৮। ''প্রকাণ্ড একটা দায়িত্বের গৌরবে আমার মন ভরে রইল।'' —কার উক্তি? দায়িত্বটি কী? (১ + ২)

**অথবা**

''সেই মাতার দুধ তুমি তো অমন করে টাকা দিয়ে বাইরে থেকে জোগাতে পারবে না।'' —কে, কাকে, কোন্ প্রসঙ্গে বলেছে? (১ + ১ + ১)

৯। বাংলা ছোটোগল্পে মানিক বন্দ্যোপাধ্যায় **অথবা** বিমল করের বিশিষ্টতা প্রসঙ্গে আলোচনা করো। (১১)

১০। টীকা লেখো তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় **অথবা** নরেন্দ্রনাথ মিত্র। (৪)

১১। ''ও শাল মিথ্যে, ও শাল ফাঁকি!'' — শালটিকে বক্তার মিথ্যে বা ফাঁকি মনে হচ্ছে কেন, গল্পটি বিশ্লেষণ করে দেখাও। (১১)

**অথবা**

''অনেক দিনের একটি হাস্যবাধায় - অসম্পন্ন চেষ্টা আজ অশ্রুজলধারায় সমাপ্ত হইল।'' — কীভাবে এই ঘটনা সম্ভব হলো, সবিস্তার লেখো। (১১)

১২। ‘‘তোমার ভালোবাসা আমি কোনো কালে ভুলিব না।’’

—কে, কাকে, কখন এই কথা বলেছে? (১ + ১ + ১)

<u>অথবা</u>

‘‘তুমি এখনই আমার ঘর হইতে বাহির হইয়া যাও।’’

—কে, কাকে, কেন বলেছে? (১ + ১ + ১)

——————— × ———————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2016**

**SECOND YEAR [BATCH 2014-17]**

**BENGALI (Honours)**

**Paper :** IV

Date : 20/05/2016

Time : 11 am – 3 pm

Full Marks : 14

**Admit Roll No........................................**

**বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।**

## <u>বিভাগ - খ</u>

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও।

১। ব্যুৎপত্তি নির্ণয় করো। (১৪ × ০.৫)

i) গমন

ক) গম + অনট্ খ) গম্ + অনট গ) গম + অনট ঘ) গম্ + অনট্

ii) দ্রষ্টব্য

ক) দৃশ্ + টব্য খ) দৃশ্ + তব্য গ) দৃষ্ + তব্য ঘ) দৃষ্ + টব্য

iii) স্মরণীয়

ক) স্মৃ + অণীয় খ) স্মর্ + অনীয় গ) স্মৃ + অনীয় ঘ) স্মর্ + অণীয়

iv) ধীমান

ক) ধী + শানচ্ খ) ধী + মতুপ্ গ) ধী + বতুপ্ ঘ) ধী + ইমন্

v) মৃণ্ময়

ক) মৃৎ + ময়ট খ) মৃৎ + ময় গ) মৃৎ + ময়ট্ ঘ) মৃণ্ + ময়

vi) গরিমা

ক) গর + ইমা খ) গুরু + ইমন গ) গুরু + ইমন্ ঘ) গুরু + ইমা

vii) প্রতিদ্বন্দ্বিতা

ক) প্রতিদ্বন্দ্বি + তা খ) প্রতিদ্বন্দী + তা গ) প্রতিদ্বন্দ্বী + তা ঘ) প্রতিদন্দ্বী + তা

viii) স্থায়িত্ব

ক) স্থায়ি + ত্ব খ) স্থায়িন্ + ত্ব গ) স্থায়ীন্ + ত্ব ঘ) স্থায়ী + ত্ব

ix) কার্পণ্য

ক) কৃপন + ষঞ খ) কৃপণ + ষঞ গ) কৃপণ + ষ্ণ্য ঘ) কৃপন + ষ্ণ্য

x) শারীরিক

ক) শরীর + ষ্ণীক খ) শরির + ষ্ণিক গ) শরীর + ষ্ণিক্ ঘ) শরীর + ষ্ণিক

xi) বর্তমান

ক) বর্ত্ + শানচ্ খ) বৃৎ + শানচ্ গ) বৃৎ + শানচ ঘ) বর্ত্ + শানচ

xii) জিজ্ঞাসা

ক) জ্ঞা + সন + আ খ) জ্ঞা + সন্ + আ গ) জি-জ্ঞা + সন + আ ঘ) জি-জ্ঞা + সন্ + আ

xiii) প্রকার

ক) প্র-কৃ + ঘঞ্ খ) প্র-কৃ + ঘঞ গ) প্র-কর্ + ঘঞ ঘ) প্র-কর্ + ঘঞ্

xiv) ভস্মীভূত

ক) ভস্ম + চ্বী + ভূ + ক্ত খ) ভস্ম + চ্বি + ভূ + ক্ত গ) ভস্ম + চ্বি + ভু + ক্ত ঘ) ভস্ম + চ্বী + ভু + ক্ত

২। নির্দেশ অনুসারে পরিবর্তন করো। (৭)

i) আপনাকে কি আর কোথাও যেতে হবে? (কর্তৃবাচ্যে)

ii) এ জমি লইব কিনে। (ভাববাচ্যে)

iii) বাংলার মুখ আমি দেখিয়াছি। (কর্মবাচ্যে)

iv) তাহার আভাস পাইতাম কিন্তু নাগাল পাইতাম না। (জটিল বাক্যে)

v) উহারা কেউ এর আগে প্রজ্বলন্ত আগ্নেয়গিরি দেখে নি। (প্রশ্নবোধক বাক্যে)

vi) মরা লোকে তো আর কথা কয় না। (অস্ত্যর্থক বাক্যে)

vii) জলে ভেসে এসে গাছে জড়িয়ে আছে। (যৌগিক বাক্যে)

———— × ————